

## কুকুর এবং বিড়ালের "ক্যাফে"

সেইসব ইনডোর প্রতিষ্ঠান যেগুলি মানুষ ও পোষ্যদের জন্য আলাপচারিতা করার স্থান প্রদান করে – যাদের সাধারণত কুকুর এবং বিড়ালের "ক্যাফে" বলা হয় – সেগুলি নিউ ইয়র্ক সিটি (NYC)তে খুলেছে, কিন্তু "ক্যাফে" নামটা বিভ্রান্তিকর! কুকুর বা বিড়ালের "ক্যাফে" মানুষের খাওয়ার জন্য খাবার বা পানীয় বানায় না বা পরিবেশন করে না। কিভাবে এই ব্যবসাগুলি কাজ করে তা এখানে দেওয়া হল:

### বাস্তব স্থান এবং গঠন

পোষ্যদের প্রবেশের অনুমতি দেওয়া কোনো ব্যবসা কোনো রেস্তোরাঁ বা অন্য কোনো খাবার পরিষেবা প্রতিষ্ঠানের একদম পাশেই অবস্থিত হলে:

- দুটি অবস্থান অবশ্যই মেঝে-থেকে-ছাদ পর্যন্ত দেওয়াল বা দেওয়ালসমূহ দিয়ে সম্পূর্ণরূপে আলাদা রাখতে হবে।
- প্রতিটি অবস্থানের রাস্তা থেকে নিজস্ব প্রবেশদ্বার এবং আলাদা ঠিকানা থাকতে হবে।
- বাইরে না বেরিয়ে পোষ্যদের প্রবেশের অনুমতি দেওয়া ব্যবসাগুলি থেকে কোনো দরজা দিয়ে বা অন্য কোনোভাবে সরাসরি যেন রেস্তোরাঁ বা অন্য খাবার পরিষেবার প্রতিষ্ঠানে যাওয়া না যায়।

### কর্মচারী

পোষ্যদের প্রবেশের অনুমতি দেওয়া ব্যবসাগুলির কর্মচারীদের যেন এমন কোনো দায়িত্ব না থাকে যার জন্য তাদের কোনো খাবার পরিষেবা প্রতিষ্ঠানে ঢুকতে হয়।

### খাবার বা পানীয়

পোষ্যদের প্রবেশের অনুমতি দেওয়া ব্যবসায় মানুষের খাওয়ার কোনো খাবার বা পানীয় শুধুমাত্র গ্রাহকরাই নিয়ে আসতে পারেন। পোষ্যদের প্রবেশের অনুমতি দেওয়া ব্যবসাগুলি মানুষের খাবার বা পানীয় অফার, বিক্রি বা পরিবেশন করতে পারবে না।

### জীবজন্তু এবং ভিতরে ও বাইরে খাওয়া-দাওয়া

পরিষেবায় ব্যবহার করা জীবজন্তুরা ছাড়া, জীবন্ত জীবজন্তুদের রেস্তোরাঁ এবং অন্য খাবার পরিষেবা প্রতিষ্ঠানের ভিতরের সব এবং বাইরের বেশিরভাগ এলাকায় নিষিদ্ধ করা হয়। রেস্তোরাঁ এবং অন্য খাবার পরিষেবা প্রতিষ্ঠানগুলি যতক্ষণ পর্যন্ত "কুকুর নিয়ে বাইরে খাওয়ার" নিয়মটি মেনে চলে ও প্রয়োজনীয় চিহ্ন লাগায়, ততক্ষণ তারা পরিষেবায় ব্যবহার করা হয় না এমন জীবজন্তুদের *বাইরের* খাওয়া-দাওয়ার জায়গায় থাকার অনুমতি *দিতেও পারে* রেস্তোরাঁ এবং অন্য খাবার পরিষেবার প্রতিষ্ঠানগুলির জন্য প্রয়োজনীয় চিহ্ন খুঁজে বের করার জন্য, [nyc.gov/health](https://nyc.gov/health) দেখুন এবং "Rules for Outdoor Dining With Dogs" (কুকুর নিয়ে বাইরে খেতে যাওয়া) এর জন্য অনুসন্ধান করুন।

কুকুর নিয়ে বাইরে খাওয়া-দাওয়া সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন [nyc.gov/health](https://nyc.gov/health) এবং "Dining With Dogs in Restaurants" (কুকুর নিয়ে বাইরে খেতে যাওয়া) এর জন্য অনুসন্ধান করুন।

### **প্রশ্ন আছে?**

আপনি এমন একটি ব্যবসা যেখানে পোষ্যদের প্রবেশের অনুমতি থাকবে এবং গ্রাহকরা খাওয়া-দাওয়া বা পান করতে পারেন সেটি খোলার আগে, NYC স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (স্বাস্থ্য বিভাগ)এ খাদ্য নিরাপত্তার অফিসকে 212-676-1600 নম্বরে কল করুন এটি নিশ্চিত করার জন্য যে আপনার প্রতিষ্ঠান যেন জীবজন্তুদের প্রবেশ নিষিদ্ধ এমন রেস্টোরাঁ বা অন্য খাবার পরিষেবা প্রতিষ্ঠানের সংজ্ঞা পূরণ না করে।

আপনার ব্যবসার উপর নির্ভর করে, আপনাকে **পোষ্যদের জন্য দোকান বা অন্যান্য জীবজন্তু-সংক্রান্ত ব্যবসাগুলির জন্য প্রয়োজনীয়তাগুলিও** পরীক্ষা করতে হতে পারে। আরও তথ্যের জন্য, 646-364-1765 এ স্বাস্থ্য বিভাগের ভেটেরনারি পাবলিক হেলথ সার্ভিসেস অফিসে কল করুন, 311 নম্বরে কল করুন বা [nyc.gov/nycbusiness](http://nyc.gov/nycbusiness) দেখুন।